গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
সংসদ ও সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

## নভেম্বর মাসে অনুষ্ঠিত অক্টোবর ২০২৪ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোহাম্মদ ইউসুফ<br>সিনিয়র সচিব |
| সভার তারিখ | **২৭-১১-২০২৪** |
| সভার সময় | **সকাল ১০: ০০ ঘটিকা** |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি সভায় উপস্থিত এবং ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সভার আলোচ্যসূচি মোতাবেক কার্যপত্র উপস্থাপনের জন্য অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন) আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র সভায় উপস্থাপন করেন। সভায় উপস্হিত এবং ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত সংস্থাসমূহের প্রধানগণ, প্রতিনিধি, মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | কোন সংশোধনী না থাকায় গত ২৭-১০-২০২৪ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। | গত ২৭-১০-২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী আলোচনাপূর্বক কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ বা নিশ্চিত করা হলো। | |
| ২. | বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি | মন্ত্রণালয়ের APA টিম লিডার যুগ্মসচিব (উন্নয়ন) সভায় জানান যে, এপিএ'র বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে। এপিএ'র সকল প্রমাণক দপ্তর/সংস্থা থেকে সঠিক সময়ে পাওয়া গিয়েছে এবং মন্ত্রিপরিষদ বিভাগে সকল প্রমাণক দাখিল করা হয়েছ। | চলতি ২০২৪-২৫ সালের চূড়ান্ত এপিএ দাখিল করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধান (সকল)।<br>২.এপিএ টীম লিডার নৌপম। |
| ৩. | অনিষ্পন্ন কাজের তালিকা প্রেরণ। | উপসচিব (প্রশাসন) কর্তৃক অনিষ্পন্ন কাজের তালিকা হার্ড নথিতে উপস্থাপন করা হয়েছে।<br>সভাপতি দপ্তর ও সংস্থাসমূহের অনিষ্পন্ন কাজ দ্রুত সময়ের মধ্যে নিষ্পত্তি করার জন্য পরামর্শ প্রদান করেন। | ছক মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে অনিষ্পন্ন কাজের তথ্য প্রেরণ করতে হবে। | উপসচিব (প্রশাসন) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | অডিট আপত্তি নিষ্পত্তিকরণ | উপসচিব (প্রশাসন) সভায় জানান যে, দপ্তর/সংস্থার বর্তমানে সাধারণ আপত্তির মোট সংখ্যা = ৫৮২টি, অগ্রিম আপত্তির মোট সংখ্যা = ৯৪৭টি, খসড়া (সংকলন) আপত্তির মোট সংখ্যা = ১৯০ টি, মোট আপত্তির সংখ্যা=১৭১৯ ও জড়িত টাকা পরিমান = ১৭৯১১.৮৯৪৭(সতের হাজার নয়শত এগার কোটি উননব্বই লক্ষ সাতচল্লিশ হাজার টাকা মাত্র)।<br>মোট নিষ্পত্তি (সাধারণ ১৫টি+অগ্রিম ৮টি)=২৩টি, মোট নিষ্পত্তির পরিমাণ = ৯১.৯৬৪৪ (একানব্বই কোটি ছিয়ানব্বই লক্ষ চুয়াল্লিশ হাজার টাকা মাত্র)।<br>উপসচিব (অডিট) সভায় জানান যে, ত্রিপক্ষীয় সভায় আলোচিত দপ্তর/সংস্থার অধিকাংশ আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে। এ ছাড়াও ত্রিপক্ষীয় সভায় দপ্তর/সংস্থার সুপারিশকৃত আপত্তিসমূহের প্রমাণকের আলোকে অডিট অধিদপ্তর হতে পর্যায়ক্রমে নিষ্পত্তিপত্র পাওয়া যাচ্ছে। তিনি আরো জানান, ত্রিপক্ষীয় সভার সুপারিশের ভিত্তিতে বিগত ১ (এক) বছরে নৌপরিবহন মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার প্রায় ৭,০০০,০০,০০,০০০/= (সাত হাজার কোটি) টাকার অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে যা বিগত ১০(দশ) বছরে নিষ্পত্তিকৃত অডিট আপত্তির চেয়ে বেশি।<br><br>সভাপতি ত্রিপক্ষীয় সভার মাধ্যমে অডিট আপত্তি নিষ্পত্তির ধারা অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করেন। | সভাপতির নির্দেশনা অনুযায়ী মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে নিয়মিত দ্বিপক্ষীয়/ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠান অব্যাহত রাখতে হবে। | ১. সকল দপ্তর/ সংস্থা প্রধানগণ<br>২. উপসচিব (অডিট ও আইন) অধিশাখা নৌপম। |
| ৫. | দেওয়ানী ও রিট মামলা সংক্রান্ত তথ্য | সিনিয়র সহকারী সচিব (আইন) সভায় জানান যে, প্রতিবেদনাধীন মাস (অক্টোবর, ২০২৪) পর্যন্ত মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সর্বমোট মামলা ৬২২টি। ৫৩১ টির জবাব দাখিল করা হয়েছে। নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ০২টি। যা সরকারের পক্ষে রায় হয়েছে। বাকি মামলার জবাব দাখিলের কার্যক্রম চলমান রয়েছে। | মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা জড়িত মামলায় সরকার পক্ষে মামলার জবাব নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করতে হবে। কনটেম্পট মামলার বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহন করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ<br>২. সিনিয়র সহকারী সচিব (আইন) শাখা, নৌপম। |
| ৬. | ডি-নথি ব্যবস্থাপনা, ইনোভেশন এবং ওয়েবসাইট হালনাগাদকরণ | সিস্টেম এনালিস্ট সভায় জানান যে,<br>মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত ই-গভর্ণ্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ডি-নথিতে নিষ্পত্তিযোগ্য নথির তালিকা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। কিছু দপ্তর/সংস্থা নির্ধারিত নথি এখনো শতভাগ ডি-নথিতে নিষ্পত্তি করছে না। কিন্তু বিধিমোতাবেক নির্ধারিত নথির শতভাগ ডি-নথিতে নিষ্পত্তি করা প্রয়োজন। | ১। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে নির্ধারিত নথির তালিকা অনুযায়ী শতভাগ নথি ডি-নথিতে নিষ্পত্তি করতে হবে।<br>২। আগামী সভার পূর্বেই ডি-নথিতে নিষ্পত্তিযোগ্য নথি গুলো নির্ধারণ করে তা শতভাগ ডি-নথিতে নিষ্পত্তি করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ।<br>২. সিস্টেম এনালিস্ট, নৌপম।<br>৩. ইনোভেশন টিম, নৌপম<br>৪. যুগ্মসচিব, (প্রশাসন) নৌপম। |
| ৭. | তথ্য অধিকার আইন (আরটিআই) | উপসচিব (প্রশাসন-১) সভায় জানান যে, তথ্য অধিকার আইন ২০০৯ এর অধীনে স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য সমূহের ১) ৫ ধারা মোতাবেক তথ্যাবলীর ক্যাটাগরি ও ক্যাটালগ এবং ২) স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা প্রতিনিয়ত হালনাগাদ করা হয়। | ১. তথ্য প্রাপ্তির আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে।<br>২. তথ্য অধিকার সংক্রান্ত প্রতিবেদন নিয়মিত মন্ত্রণালয়ে প্রেরণ এবং ওয়েবসাইটে আপলোড করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ<br>২.মন্ত্রণালয়েরে এ সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮. | নাম পদবি ব্যবহার সংক্রান্ত | বিআইডব্লিউটিএ'র পদনাম/পদবি পরিবর্তনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে সম্মতি পাওয়ার পর অর্থ বিভাগের সম্মতি গ্রহণের জন্য প্রস্তাব প্রেরণ করা হলে অর্থ বিভাগ সম্মতি জ্ঞাপন করে। অর্থ বিভাগের সম্মতি পত্রের 'ক' শর্ত মোতাবেক প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির অনুমোদনের লক্ষ্যে ০৭ মে ২০২৪ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগ উক্ত প্রস্তাব উপস্থাপনের লক্ষ্যে এ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় উপদেষ্টার সম্মতিসহ পুনঃরায় প্রস্তাব প্রেরণের অনুরোধ করে। সে প্রেক্ষিতে মাননীয় উপদেষ্টার সম্মতি গ্রহণ করে পুনরায় মন্ত্রিপরিষদ বিভাগে প্রস্তাব প্রেরণের লক্ষ্যে নথি উপস্থাপন করা হয়েছে।<br>গত ০৮.১০.২০২৪ তারিখে এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। | ১.মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থবিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>২.মন্ত্রিপরিষদ বিভাগ থেকে যেকোন অনুশাসন আসার পর দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. প্রশাসন অনুবিভাগ, নৌপরিবহন মন্ত্রণালয় ও চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন/ চবক/মোবক/পাবক/ বাস্থবক ও বিআইডব্লিউটিএ। |
| ৯ | বিবিধ: | | | |
| | ৯.১ বিআইডব্লিউটিএর ঘাট/পয়েন্ট ইজারা বিরোধ সংক্রান্ত। | সহকারী সচিব (টিএ) সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগের সাথে বিআইডব্লিউটিএ'র বিরোধপূর্ণ ঘাট/পয়েন্ট ইজারা বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে ২২.১১.২০২২ তারিখে এতদসংশ্লিষ্ট কমিটির আহ্বায়কের সভাপতিত্বে সংশ্লিষ্টদের নিয়ে একটি আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে মন্ত্রিপরিষদ বিভাগের মধ্যস্থতায় দীর্ঘদিন যাবৎ বিরাজমান এ বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগে গত ২১.০৬.২০২৩ তারিখে প্রস্তাব প্রেরণ করা হলে মন্ত্রিপরিষদ বিভাগের সচিব (সংস্কার ও সমন্বয়) মহোদয়ের সভাপতিত্বে গত ১৭.১০.২০২৩ তারিখে আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটি'র ১ম সভা অনুষ্ঠিত হয়। সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে গঠিত উপ-কমিটির ১ম সভা ১৫.১১.২০২৩ তারিখে, ২য় সভা ৭.১২.২০২৩ তারিখে এবং ৩য় সভা ০১.০১.২০২৪ তারিখে অনুষ্ঠিত হয় এবং গত ৩১.০১.২০২৪ তারিখে আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটি'র ২য় সভা অনুষ্ঠিত হয়।<br>উল্লেখ্য, গত ২১.১১.২০২৪ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় উপকমিটি'র সভা আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি উপকমিটি'র আহ্বায়কের সভাপতিত্বে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত হয়েছে।<br>সভাপতি সংশ্লিষ্ট সবার সাথে যোগাযোগ রেখে দ্রুত বিরোধ নিষ্পত্তির জন্য নির্দেশনা প্রদান করেন। | সংশ্লিষ্ট শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মন্ত্রিপরিষদ বিভাগের সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রেখে বিষয়টি দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করবেন। | ১. চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ<br>২.উপসচিব (টিএ), নৌপম। |

| | | | | |
|---|---|---|---|---|
| | ৯.২ বিভাগীয় মামলার তথ্য প্রেরণ। | উপসচিব (প্রশাসন) জানান যে, প্রতিবেদনাধীন মাসে (অক্টোবর, ২০২৪) ৪টি মামলা চলমান রয়েছে। নতুন ১টি মামলা দায়ের হয়েছে। ১টি মামলা তদন্ত প্রতিবেদনের জন্য অপেক্ষমাণ রয়েছে।<br>সভাপতি দপ্তর/সংস্থার যে সকল মামলাগুলো ০১ (এক) বছরের অধিক সময় ধরে পেন্ডিং রয়েছে তা আগামী ২ মাসের মধ্যে নিষ্পত্তির নির্দেশনা প্রদান করেন। | সভাপতির নির্দেশনা অনুযায়ী যে সকল সংস্থার নিকট ২ ডিজিটের এবং ০১ (এক) বছরের অধিক সময় ধরে যে মামলা পেন্ডিং রয়েছে, তা আগামী ২ মাসের মধ্যে দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. উপসচিব, (প্রশাসন-১ শাখা), নৌপম।<br>১. সকল দপ্তর/সংস্থা প্রধানগণ |
| | ৯.৩ মন্ত্রণালয়ের ২০২৪-২৫ সালের বাজেট বাস্তবায়ন | উপসচিব (বাজেট) জানান যে, চলতি ২০২৪-২৫ অর্থ-বছরের বাজেটের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও বার্ষিক আর্থিক প্রতিবেদন অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | মন্ত্রণালয়ের ২০২৪-২০২৫ অর্থ বৎসরের বাজেট যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ<br>২.উপসচিব, বাজেট শাখা, নৌপম |
| | ৯.৪ বিআইডব্লিউটিএ'র সাংগঠনিক কাঠামো অনুমোদন | বিআইডব্লিউটিএ'র বর্তমান অনুমোদিত ৫৪৩২টি পদের অতিরিক্ত ১০১৯৪(১০১১৯+ জোনভিত্তিক ৫টি জোনের ৭৫)টি পদ সৃজনের লক্ষ্যে এ মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হলে ০৮.১০.২০২৪ তারিখে অতিরিক্ত সচিব (সংস্থা-১) মহোদয়ের সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী ২৪.১০.২০২৪ তারিখে বিআইডব্লিউটিএ বরাবর প্রেরণ করা হয়েছে।<br>সভাপতি ০৮.১০.২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে দ্রুত ব্যবস্থা গ্রহনের নির্দেশনা প্রদান করেন। | বিআইডব্লিউটিএ'র সাংগঠনিক কাঠামো সংক্রান্ত গত ০৮.১০.২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে বিআইডব্লিউটিএ দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করবে। | ১. চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ ২. উপসচিব/সস (টিএ), নৌপম। |
| | ৯.৫ বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ এর কর্মচারি চাকুরি প্রবিধানমালা, ২০০৪ | বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ এর কর্মচারি চাকুরি প্রবিধানমালা, ২০২৪ সংক্রান্ত নথিটি চূড়ান্ত সংশোধনীপূর্বক গত ০৭/০৭/২০২৪ তারিখে নৌপরিবহন মন্ত্রণালয় হতে আইন মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হলে লেজিসলেটিভ ও সংসদ বিভাগ হতে আইনটি সংশোধনপূর্বক গেজেট আকারে প্রকাশ করার জন্য বিজি প্রেসে প্রেরণ করে ফাইলটি ১৬-০৭-২০২৪ তারিখে নৌপরিবহন মন্ত্রণালয়ে ফেরত প্রদান করে। মন্ত্রণালয় কর্তৃক গেজেট সংগহের জন্য স্থলবন্দর কর্তৃপক্ষকে ৩০-০৭-২০২৪ তারিখে পত্র প্রদান করা হয়। উল্লেখ, প্রকাশিত গেজেটের তপসিল-১ এর ক্রমিক নং-২৮ এ বর্ণিত প্রশাসনিক কর্মকর্তা পদের পদোন্নতির যোগ্যতায় "ব্যক্তিগত কর্মকর্তা কাম কম্পিউটার অপারেটর" পদ এর স্থলে "ব্যক্তিগত কর্মকর্তা/কম্পিউটার অপারেটর" পদ প্রতিস্থাপিত করে গেজেট সংশোধনের জন্য পুনরায় আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। ইতোমধ্যে গেজেট সংশোধনের জন্য পাঠানো হয়েছে বিধায় আর কোন কার্যক্রম না থাকায় কার্যতালিকা হতে বাদ দেওয়া যেতে পারে। | স্থলবন্দর কর্তৃপক্ষের কর্মচারি চাকুরি প্রবিধানমালার সংগৃহীত গেজেটের কপি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। আর কোন কার্যক্রম না থাকায় বিষয়টি কার্যতালিকা হতে বাদ দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান (বাস্থবক)<br>২. উপসচিব/সিনিয়র সহকারী সচিব (বাস্থবক), নৌপম |

| | | | | |
|---|---|---|---|---|
| | ৯.৬ পাবকের সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণ | পায়রা বন্দর কর্তৃপক্ষের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে সাংগঠনিক কাঠামোতে ১৮৪ ক্যাটাগরির ৭৬০টি পদ সৃজনের জন্য গত ০৫-১০-২০২৩ নৌপরিবহন মন্ত্রণালয় হতে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়। সেই পরিপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয় বিভিন্ন ক্যাটাগরির ৯৫টি পদ সৃজনে সম্মতি জ্ঞাপন করে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতির আলোকে অর্থ বিভাগের সম্মতির জন্য রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান অনুবিভাগ কর্তৃক পদ সৃজনের চেকলিস্ট অনুসারে প্রয়োজনীয় তথ্যাদিসহ গত ১১-০৩-২০২৪ তারিখে অর্থ মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়েছে। অর্থ বিভাগ কর্তৃক ০৪ এপ্রিল ২০২৪ তারিখে ৯৫ টি পদের মধ্যে নির্বাহী ম্যাজিস্ট্রেট এর ০১ (এক)টি পদ স্থায়ীভাবে এবং বিভিন্ন ক্যাটাগরীর ৭২টি পদ বছর বছর সংরক্ষণের ভিত্তিতে অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজনের জন্য সম্মতি জ্ঞাপন করেছে।<br>গত ৩০-০৫-২০২৪ তারিখে বেতনস্কেল নির্ধারণের জন্য অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগে প্রেরণ করা হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে অর্থ মন্ত্রণালয় গত ০৯ জুলাই ২০২৪ তারিখের পত্রে উল্লেখ করে যে বিদ্যমান চাকরি প্রবিধানমালার তফসিলে অন্তর্ভুক্তকরণার্থে নবসৃজিতব্য পদসমূহের নিয়োগ/পদোন্নতির সচিব স্বাক্ষরিত খসড়া শর্তাবলীসহ অনেক নবসৃষ্ট পদ থাকায় নির্ধারিত ছক মোতাবেক তথ্য প্রেরণ আবশ্যক। সে লক্ষ্যে অর্থ বিভাগের নির্ধারিত ছক পূরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গত ১২ আগস্ট ২০২৪ তারিখে সচিব, অর্থ বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। অর্থ বিভাগে যোগাযোগ করা হলে জানা যায় কার্যক্রম চলমান রয়েছে।<br>সভাপতি অর্থমন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে দ্রুত কার্যক্রম সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। | ১। পাবক হতে ছক মোতাবেক তথ্যাদি জরুরী ভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>২। অর্থ মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যহত রাখতে হবে। | ১. চেয়ারম্যান (পাবক)<br>২. সিসস, পাবক, নৌপম। |
| | ৯.৭ বিআইডব্লিউটিএ'র আওতাধীন সকল নদীবন্দরের ফোরশোর সমূহের মেয়াদ বৃদ্ধি | বিআইডব্লিউটিএ'র অনুকূলে নদী বন্দরসমূহের তীরভূমি/ফোরশোর হস্তান্তরের বিষয়ে করণীয় নির্ধারণের জন্য ভূমি মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসকদের সমন্বয়ে গত ১১.০৭.২০২৪ তারিখে অতিরিক্ত সচিব(সংস্থা-১) এর সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে।<br>উল্লেখ্য, ফোরশোর হস্তান্তরের বিষয়ে ১৭.১১.২০২৪ তারিখে ভূমি মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট জেলা প্রশাসকদের সমন্বয়ে এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (সংস্থা-১) মহোদয়ের সভাপতিত্বে একটি ফলোআপ সভা অনুষ্ঠিত হয়েছে। সভার কার্যবিবরণী অনুমোদনের লক্ষ্যে নথি উপস্থাপন করা হয়েছে।<br>সভাপতি দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নির্দেশনা প্রদান করেন। | ১। ভূমি মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রেখে ফোর শোরসমূহের হস্তান্তর গ্রহণ ও মেয়াদ বৃদ্ধি করতে হবে।<br>২। দ্রুত সময়ের মধ্যে ফোরশোর হস্তান্তরের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১. চেয়ারম্যান (টিএ)<br>২. উপসচিব/সহকারী সচিব (টিএ), নৌপম। |

| | | | | |
|---|---|---|---|---|
| | ৯.৮ স্থলবন্দর পরিচালনা ও ব্যবস্থাপনা প্রবিধানমালা হালনাগাদকরণ | বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের “স্থলবন্দর পরিচালন ও ব্যবস্থাপনা প্রবিধানমালা, ২০২৪” খসড়া সংশোধন এবং তফসিলসমূহের শুদ্ধতা নিশ্চিতকরণের বিষয়ে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের মতামত পাওয়া গিয়েছে। এ বিষয়ে পুনরায় ভেটিং এর নিমিত্ত ১৫-১০-২০২৪ তারিখে আইন মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে ২৮-১০-২০২৪ তারিখে ভেটিং সম্পূর্ণ করে স্থলবন্দর কর্তৃপক্ষে পাঠানো হয়েছে। আর কোন কার্যক্রম না থাকায় কার্যতালিকা হতে বাদ দেওয়া যেতে পারে। | বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের “পরিচালনা ও ব্যবস্থাপনা প্রবিধানমালা, ২০২৪” এর ভেটিং সম্পূর্ণ হওয়ায় কর্তৃপক্ষ গেজেট প্রকাশের ব্যবস্থা নিবে। এ বিষয়ে আর কোন কার্যক্রম না থাকায় বিষয়টি কার্যতালিকা হতে বাদ দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান (বাস্থবক)<br>২. সিনিয়র সহকারী সচিব (বাস্থবক), নৌপম |
| ১০ | দপ্তর/সংস্থার আন্ত:দেনা পাওনা পরিশোধ সংক্রান্ত। | প্রাতিষ্ঠানিক পাওনা পরিশোধের জন্য বাজেটে অর্থের সংস্থান রাখতে হবে এবং বকেয়া পাওনা আদায়ে তৎপর হতে হবে।<br>সভাপতি আন্ত:দেনা দ্রুত পরিশোধের ক্ষেত্রে দপ্তর/সংস্থা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তার সহযোগিতা গ্রহনের নির্দেশনা প্রদান করেন। | সকল দপ্তর/সংস্থার আন্ত:দেনা পাওনার নিষ্পত্তির জন্য দপ্তর/সংস্থাগুলোকে পত্র দিতে হবে যেন তারা আন্ত:দেনা পাওনা পরিশোধ করে। এ বিষয়ে দপ্তর/সংস্থা সংশ্লিষ্ট শাখা গুলো থেকে পত্র দিতে হবে। | ১. দপ্তর/সংস্থা প্রধানগণ<br>২. উপসচিব, টিসি ও সিনিয়র সহকারী সচিব, টিএ। |
| ১১ | জেলা প্রশাসক সম্মেলন ২০২৪ এর সিদ্ধান্ত বাস্তবায়ন (স্বল্পমেয়াদী)।<br>সমুদ্র সীমানায় বয়াবাতি (ট্রাফিক সিগন্যাল বাতি) স্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে।<br><br>২। বরগুনা জেলার পাথরঘাটা উপজেলায় সিগন্যাল বাতিঘর স্থাপন করতে হবে। | মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর জানান যে, বরগুনা জেলার পাথরঘাটা উপজেলার স্থানীয় প্রশাসন, মৎসজীবী সমিতির প্রতিনিধি, স্থানীয় জন প্রতিনিধি ও অন্যান্য ব্যক্তিবর্গের সাথে আলোচনা করে জানা যায়-উল্লিখিত উপজেলা সংলগ্ন সমুদ্র/উপকূলীয় এলাকায় স্বল্প সংখ্যক ফিশিং বোট এর জন্য পাথরঘাটা উপজেলায় বয়াবাতি (ট্রাফিক সিগনাল বাতি) স্থাপন করার কোনো যৌক্তিকতা নেই। এমতাবস্থায় উল্লিখিত সিদ্ধান্তটি কার্যতালিকা থেকে বাদ দেওয়া যেতে পারে।<br>২। নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতায় নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “Establishment of Global Maritime Distress and Safety System & Integrated Maritime Navigation System (EGIMNS)” শীর্ষক প্রকল্পের আওতায় ৭টি কোস্টাল রেডিও স্টেশনসহ আগারগাঁও এ নৌপরিবহন অধিদপ্তরের প্রধান কার্যালয় ও জিএমডিএসএস কমান্ড এন্ড কন্ট্রোল সেন্টার নির্মাণ করা হয়েছে। যার কার্যক্রম চলতি বছরের অক্টোবর ২০২৪খ্রি. এর মধ্যে কর্মক্ষম ও পরিচালনা করা হবে। উল্লিখিত ভবনগুলোতে (সেন্টমার্টিন, কক্সবাজার, কুতুবদিয়া, নিঝুমদ্বীপ, চর কুকরি মুকরি, কুয়াকাটা ও দুবলারচর) অত্যাধুনিক বাতিঘরসহ কোস্টাল রেডিও স্টেশন নির্মাণ করা হয়েছে। বরগুনা জেলার পাথরঘাটা উপজেলা সংলগ্ন সমুদ্র/উপকূলীয় এলাকায় স্বল্প সংখ্যক ফিশিং বোট এর জন্য পাথরঘাটা উপজেলায় সিগন্যাল বাতিঘর স্থাপন করার কোনো যৌক্তিকতা নেই বিধায় সিদ্ধান্তটি কার্যতালিকা থেকে বাদ দেওয়া যেতে পারে। | ১। সিগন্যাল বাতিঘর স্থাপনের কোনো যৌক্তিকতা না থাকায় কার্যতালিকা থেকে বাদ দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। বরগুনা জেলার পাথরঘাটা উপজেলায় সিগন্যাল বাতিঘর স্থাপন করার কোনো যৌক্তিকতা নেই বিধায় সিদ্ধান্তটি কার্যতালিকা থেকে বাদ দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর<br>২. উপসচিব, জাহাজ/ সিনিয়র সহকারী সচিব, টিএ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২. | জেলা প্রশাসক সম্মেলন ২০২৪ এর সিদ্ধান্ত বাস্তবায়ন (মধ্যমেয়াদী)। চেয়ারম্যান ঘাট-টু-হাতিয়া ফেরি চালু করার প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে। | বিআইডব্লিউটিএ এবং বিআইডব্লিউটিসি কর্তৃক উপকূলীয় অঞ্চলের বিভিন্ন নৌরুটসমূহে নতুন ফেরি কাম সী-ট্রাক সার্ভিস চালুকরণের লক্ষ্যে গত ২১-০৪-২০২৪ খ্রিঃ নৌপরিবহন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা, স্থানীয় প্রশাসনের প্রতিনিধির সমন্বয়ে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভায় চেয়ারম্যান ঘাট টু হাতিয়াসহ প্রস্তাবিত অন্যান্য নৌরুটসমূহের গুরুত্ব, সম্ভাব্যতা যাচাই এবং ফেরি রুট চালুকরণের নিমিত্ত পুনঃ যাচাইকরণের লক্ষ্যে অতিরিক্ত সচিব (সংস্থা-১) নৌপমকে আহবায়ক করে বিআইডব্লিউটিএ, বিআইডব্লিউটিসি, এলজিইডি, সওজ এবং স্থানীয় জেলা প্রশাসকের ০১ (এক) জন করে প্রতিনিধির সমন্বয়ে একটি উচ্চতর কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। | গঠিত কমিটির সুপারিশ মোতাবেক ফেরি রুট চালু করার পদক্ষেপ গ্রহণ করতে হবে। বিআইডব্লিউটিএ এ বিষয়ে গত ১৯-০৮-২০২৪ তারিখে টিসি ও টিএ'র সমন্বয়ে ৫ সদস্য বিশিষ্ট ১টি কমিটি গঠন করেছে। কমিটির প্রতিবেদনসহ টিএ এ মন্ত্রণালয়ে ১৭-০৯-২০২৪ তারিখে একটি আন্ত:মন্ত্রণালয় সভা করার লক্ষ্যে প্রস্তাব প্রেরণ করে। সেপ্রেক্ষিতে গত ২৭-১০-২০২৪ তারিখে আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। সভার কার্যবিবরণী প্রেরণ করা হয়েছে। উক্ত কমিটির রিপোর্ট এর ভিত্তিতে চেয়ারম্যান ঘাট টু হাতিয়া ফেরি সার্ভিস চালুকরণের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে। | ১. দপ্তর/সংস্থা প্রধানগণ<br>২. উপসচিব, টিসি সিনিয়র সহকারী সচিব, টিএ। |
| ১৩. | জেলা প্রশাসক সম্মেলন ২০১৯ এর সিদ্ধান্ত বাস্তবায়ন (মধ্যমেয়াদি)<br>যশোরের নওয়াপাড়া নৌবন্দরকে আধুনিকায়ন করতে হবে। | "নোয়াপাড়া নদী বন্দর এলাকায় টার্মিনালসহ বন্দর সুবিধাদি নির্মাণ" শীর্ষক প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয়ের মধ্যে জিওবি অনুদান ৪০% এবং ঋন ৬০% সুদের হার ৩% ধরে অর্থ মন্ত্রণালয় সম্মতি দেয়। তবে বিআইডব্লিউটিএ একটি সেবাধর্মী প্রতিষ্ঠান বিধায় বিআইডব্লিউটি'র পক্ষে ৩% সুদে প্রকল্প বাস্তবায়ন করা দুরূহ বিধায় উক্ত হার নমনীয় করার জন্য অর্থ মন্ত্রণালয়কে ২৯-০১-২০২৩ তারিখের ১৮. ০০. ০০০০.০২৮১৪.০১৬.২০(অংশ-১)-৩১ নং স্মারকমূলে অনুরোধ করা হয়। ঋণের সুদের হার পুনঃবিবেচনার প্রস্তাবটি অর্থ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত হয়নি। মন্ত্রণালয়ের মতামতের আলোকে ডিপিপি পুনর্গঠন করা হচ্ছে।<br>সভাপতি এ বিষয়ে দপ্তর/সংস্থাকে সুনির্দিষ্ট মতামত প্রদান করার নির্দেশনা প্রদান করেন। | ডিপিপি দ্রুত পুনর্গঠন করতে হবে এবং তার প্রেক্ষিতে পরবর্তী পদক্ষেপ গ্রহন করতে হবে। | ১. সিনিয়র সহকারী সচিব, টিএ |
| | | | | |

১৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৭-১২-২০২৪
মোহাম্মদ ইউসুফ
সিনিয়র সচিব

তারিখ: ২ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
১৭ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর: ১৮.০০.০০০০.০৩২.০৬.০০১.২৩.১৯৩**

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। চেয়ারম্যান (গ্রেড - ১), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্পোরেশন।
২। চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, জাতীয় নদী রক্ষা কমিশন।
৩। চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।

৪। চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, মোংলা বন্দর কর্তৃপক্ষ।
৫। চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, পায়রা বন্দর কর্তৃপক্ষ।
৬। চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ।
৭। চেয়ারম্যান, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ।
৮। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, নৌপরিবহন অধিদপ্তর।
৯। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বাংলাদেশ শিপিং কর্পোরেশন।
১০। অতিরিক্ত সচিব, (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। যুগ্মসচিব, (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। কমান্ড্যান্ট (ভারপ্রাপ্ত), কমান্ড্যান্ট এর দপ্তর, বাংলাদেশ মেরিন একাডেমী।
১৩। কমান্ড্যান্ট, কমান্ড্যান্ট এর দপ্তর, বাংলাদেশ মেরিন একাডেমি, রংপুর।
১৪। কমান্ড্যান্ট (ভারপ্রাপ্ত), কমান্ড্যান্ট এর দপ্তর, বাংলাদেশ মেরিন একাডেমি, পাবনা।
১৫। কমান্ড্যান্ট, কমান্ড্যান্ট এর দপ্তর, বাংলাদেশ মেরিন একাডেমি, সিলেট।
১৬। কমান্ড্যান্ট, কমান্ড্যান্ট এর দপ্তর, বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল।
১৭। উপসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮। পরিচালক, পরিচালক এর দপ্তর, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর।
১৯। অধ্যক্ষ, অধ্যক্ষের দপ্তর, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট।
২০। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়।
২২। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, নৌপরিবহন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশ এবং রেকর্ডের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

১৭-১২-২০২৪
পুলক কান্তি চক্রবর্তী
সিনিয়র সহকারী সচিব